সর্বোচ্চ ৩৩.৪
সর্বনিম্ন ২৬.০
আলিপুরদুয়ার
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৮০ শতাংশ
বৃহস্পতিবারের পূর্বাভাস ঃ আংশিক মেঘলা আকাশ, বৃষ্টির সম্ভাবনা।

আমার জেলা
উত্তরবঙ্গ সংবাদ ১৪ জুন ২০১৮ তেরো

জিয়াগঞ্জ কলেজ অফ ইঞ্জিনিয়ারিং এ্যান্ড টেকনোলজি
AICTE Approved (Govt. of India) Affiliated WBSCTE (Govt. of W.B)
মাত্র ২০০০/- টাকা
মাসিক খরচে পলিটেকনিক (ডিপ্লোমা)
ইঞ্জিনিয়ারিং পড়ার সুর্বণ সুযোগ ।
সিভিল * ইলেকট্রিক্যাল * মেকানিক্যাল * অটোমোবাইল
* ইলেকট্রনিক্স - টেলিকম ইঞ্জিনিয়ারিং
যোগ্যতা - মাধ্যমিক পরীক্ষায় ৩৫% নম্বর
College Campus : Hatibagan, Jiaganj, Murshidabad
9434541062 / 8900383929 / 9475260691

অগ্নিকাণ্ডে ভস্মীভূত কাপড়ের গুদাম

জয়গাঁ, ১৩ জুন ঃ বুধবার সকালে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটল সীমান্ত শহর জয়গাঁয়। এদিন সকাল ৮টা নাগাদ জয়গাঁ-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীন রামগাঁওয়ের একটি কাপড়ের বড়ো গুদামে হঠাৎ করে আগুন লেগে যায়। এতে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। সম্পূর্ণভাবে ভস্মীভূত হয় গুদামটি। দমকলের ৩টি ইঞ্জিন এসে আগুন নেভানোর কাজ শুরু করলে প্রায় আড়াই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। দমকলকর্মী ও জয়গাঁ থানার পুলিশের তৎপরতায় আগুন ছড়িয়ে পড়তে পারেনি। যার ফলে রক্ষা পেয়েছে এলাকার কয়েকশো বাড়ি। আগুন লাগার কারণ খতিয়ে দেখছে দমকল বিভাগ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন রামগাঁও এলাকার ওই গুদামঘর থেকে কালো ধোঁয়া বের হতে দেখেন স্থানীয় বাসিন্দারা। তাঁরাই পুলিশ ও দমকলে খবর দেন। অগ্নিকাণ্ডের খবর পেয়ে ভুটানের ফুন্টশোলিং শহর থেকে দমকলের একটি ইঞ্জিন নিয়ে সেদেশের দমকলকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করেন। এছাড়া খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান জয়গাঁর অতিরিক্ত পুলিশ সুপার গণেশ বিশ্বাস, জয়গাঁ থানার পুলিশ ও এসএসবির জওয়ানরা। দমকলকর্মীদের তাঁরাও পূর্ণ সহযোগিতা করেন। ভুটানের দমকল বিভাগের একটি ইঞ্জিন সহ হ্যামিল্টনগঞ্জ ও আলিপুরদুয়ার থেকে একটি করে মোট ৩টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। জানা গিয়েছে, গুদামটি জয়গাঁর বস্ত্র ব্যবসায়ী মাঙ্গিলাল আগরওয়ালের। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ঘিঞ্জি এলাকায় গুদামঘরটি তৈরি করা হলেও সেখানে ছিল না কোনো অগ্নিনির্বাপণ ব্যবস্থা। একই অভিযোগ দমকল বিভাগেরও রয়েছে। এদিকে, জয়গাঁয় নির্মীয়মাণ দমকল কেন্দ্রটি দ্রুত চালু করার দাবি তুলেছেন স্থানীয় বাসিন্দারা। তবে জয়গাঁয় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলেই প্রতিবেশী দেশের দমকলকর্মীরা যেভাবে সাহায্যের জন্য এগিয়ে আসেন তার জন্য ভুটানের দমকলকর্মীদের কৃতজ্ঞতা জানিয়েছেন এলাকাবাসী। পাশাপাশি অতিরিক্ত পুলিশ সুপার ও পুলিশকেও ধন্যবাদ জানিয়েছেন বাসিন্দারা। সরকারিভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ না জানা গেলেও স্থানীয় সূত্রে খবর এদিনের অগ্নিকাণ্ডে প্রায় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। হ্যামিল্টনগঞ্জ দমকলকেন্দ্রের আধিকারিক গৌতম সাহা বলেন, 'প্রাথমিকভাবে মনে করা হচ্ছে শর্টসার্কিটের ফলে গুদামটিতে আগুন লাগে।' তবে গুদামটিতে কোনো অগ্নিনির্বাপণ ব্যবস্থা ছিল না বলে জানিয়েছেন দমকলকেন্দ্রের ওই আধিকারিক।

জয়গাঁর রামগাঁওয়ে কাপড়ের গুদামে অগ্নিকাণ্ড। ছবি : সমীর দাস

অধ্যাপিকা হতে চায় শালকুমারহাটের ভক্তি

শালকুমারহাট, ১৩ জুন ঃ বাবা ভুটানে কাঠমিস্ত্রির কাজ করেন। বাবার উপার্জনের সামান্য টাকায় চলে সংসার। অভাব নিত্যসঙ্গী। তা সত্ত্বেও এবার উচ্চমাধ্যমিকে ভালো ফল করেছে শালকুমারহাট এলাকার ছাত্রী ভক্তি মণ্ডল। সে ভবিষ্যতে অধ্যাপিকা হতে চায়। ভালো কলেজে পড়ার ইচ্ছা তার। কিন্তু ভক্তির উচ্চশিক্ষা লাভে প্রধান বাধা আর্থিক সমস্যা। শালকুমারহাট হাইস্কুলের মেধাবী ছাত্রী ভক্তি মণ্ডলের বাড়ি শালকুমারহাট বাজারের পাশেই। তার বাবা কুমুদ মণ্ডল ভুটানে কাঠমিস্ত্রির কাজ করেন। পরিবারের অন্যান্য দায়িত্ব সামলান তার মা চিনু মণ্ডল। ভক্তি এবার উচ্চমাধ্যমিকে শালকুমারহাট হাইস্কুলের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছে। তার প্রাপ্ত নম্বর ৪৪৪। ভক্তি বলে, 'বাবা অনেক কষ্ট করে আমার পড়ার খরচ চালিয়েছে। শিক্ষক-শিক্ষিকা এবং কোচিংয়ের স্যারদের সহযোগিতায় আমার এই রেজাল্ট হয়েছে। আমি চাই কোচবিহার এবিএন শীল কলেজে ইংরেজি অনার্স নিয়ে পড়তে। ভবিষ্যতে অধ্যাপিকা হতে চাই।' ভক্তির মা চিনু মণ্ডল বলেন, 'টানাটানির সংসার। স্বামী বিদেশে থাকে। মেয়ের ভালো রেজাল্টের কথা তাঁকে জানিয়েছি। তিনিও খুশি। তবে মেয়ের উচ্চশিক্ষা নিয়ে চিন্তায় রয়েছি।' শালকুমারহাট হাইস্কুলের প্রধান শিক্ষক রঞ্জন রায় বলেন, 'ভক্তি অনেক কষ্টে পড়াশোনা করে ভালো রেজাল্ট করেছে। ওকে শুভেচ্ছা।'

ট্রান্সফরমার বিকল, বিক্ষোভ মহিলাদের

ফালাকাটা, ১৩ জুন ঃ এলাকার বিদ্যুতের ট্রান্সফরমার বিকল হয়ে রয়েছে দীর্ঘদিন। ফলে মাসখানেক ধরে বিদ্যুৎ বিভ্রাটে ভুগছেন জটেশ্বরের ময়মনসিংহপাড়ার বাসিন্দারা। প্রতিবাদে বুধবার বিদ্যুৎ দপ্তরের ফালাকাটা কাস্টমার কেয়ারে গিয়ে দপ্তরের লাইট, ফ্যান, এসি বন্ধ করে দিয়ে বিক্ষোভ দেখালেন এলাকার মহিলারা। তাঁদের অভিযোগ, মাসখানেক আগে ওই ট্রান্সফরমারটি বিকল হয়ে যায়। সেসময় টানা চারদিন বিদ্যুৎ পরিসেবা বন্ধ ছিল এলাকায়। বিষয়টি বিদ্যুৎ দপ্তরে জানানো হলে ট্রান্সফরমার না বদলে সেটিই জোড়াতালি দিয়ে মেরামত করা হয়। কিন্তু তাতে সমস্যা মেটেনি। বিদ্যুৎ চালু থাকলেও কয়েকদিন ধরেই লো ভোল্টেজ চলছে বলে দাবি এলাকাবাসীর। বাসিন্দাদের তরফে মৌমিতা তরফদার সরকার, রুনু সরকার, বেবি সরকার, উজ্বল সরকার জানান, বিদ্যুৎ পরিসেবা নিয়ে তাঁরা ভীষণ সমস্যায় রয়েছেন। তাই বাধ্য হয়ে আন্দোলনে নেমেছেন।

এ ব্যাপারে রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানির ফালাকাটার স্টেশন ম্যানেজার প্রশান্ত মণ্ডল বলেন, ট্রান্সফরমার মজুত ছিল না। আলিপুরদুয়ারে লোক পাঠিয়ে নতুন ট্রান্সফরমার আনা হচ্ছে। ট্রান্সফরমার এলে যত দ্রুত সম্ভব তা লাগিয়ে দেওয়া হবে।

হাতির হানায় ক্ষতিগ্রস্ত আইসিডিএস কেন্দ্র

গোপালপুর চা বাগানে ক্ষতিগ্রস্ত আইসিডিএস কেন্দ্র। ছবি ঃ মোস্তাক মোরশেদ হোসেন

রাঙ্গালিবাজনা, ১৩ জুন ঃ রাত হতেই মাদারিহাট-বীরপাড়া ব্লকের বনাঞ্চল লাগোয়া এলাকার গ্রাম ও চা বাগান মহল্লায় হানা দিচ্ছে হাতির পাল। মঙ্গলবার গভীর রাতে প্রায় একই সময়ে ধূমচি বনাঞ্চল লাগোয়া রাঙ্গালিবাজনা গ্রাম পঞ্চায়েতের গোপালপুর চা বাগান এবং খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের উত্তর খয়েরবাড়ির বন লাগোয়া মধ্য ছেকামারি গ্রামে হানা দেয় বুনো হাতি। গোপালপুর চা বাগানের বৈদার লাইনে অবস্থিত ৬৯ নম্বর আইসিডিএস কেন্দ্রটিতে হানা দিয়ে দরজা, জানালা ভাঙচুর করে একটি হাতি। গোপালপুর চা বাগান এলাকার বাসিন্দা শ্রমিক সংগঠনের নেতা উত্তম সাহা বলেন, কেন্দ্রটির জানালা ও দরজা ভেঙে দিয়েছে হাতিটি। কেন্দ্রে শিশু ও মহিলাদের জন্য মজুত খাবারদাবারও সাবাড় করেছে হাতিটি । এদিকে, খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের মধ্য ছেকামারি গ্রামে হাতির হানায় ক্ষতিগ্রস্ত হয়েছে চারটি বাড়ি ও বেশ কয়েকটি সুপারি বাগান। এলাকার বাসিন্দা ত্রিভুবন পান্না, গঙ্গা ছেত্রী প্রমুখ জানান, রাত দুটো নাগাদ ৩০-৩৫টি হাতির একটি দল হানা দেয় গ্রামে। হাতির হানায় ক্ষতিগ্রস্ত হয়েছে কাঞ্চন কর্মকার, ইন্দু রায়, তিরসা ওরাওঁ, বিকাশ রায়ের বাড়ি। গঙ্গা ছেত্রী, ভক্তবাহাদুর ছেত্রী, গোবিন্দ ছেত্রীর সুপারি বাগানে হানা দিয়ে ছোটো গাছগুলি ভেঙে কাণ্ডের ভেতরের শাঁস বের করে খেয়েছে হাতি। বন দপ্তরের মাদারিহাটের রেঞ্জার খগেশ্বর কার্জি এ প্রসঙ্গে বলেন, সরকারি ভবন হাতির হানায় ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ দেওয়ার নিয়ম নেই। তবে মধ্য ছেকামারি গ্রামে হাতির হানায় ক্ষতিগ্রস্তরা আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে।

তিনটি বিষয়ে অনার্স চালু হচ্ছে লীলাবতী কলেজে

জটেশ্বর, ১৩ জুন ঃ আলিপুরদুয়ার জেলার জটেশ্বরের লীলাবতী কলেজে আরও তিনটি বিষয়ে অনার্স চালু হতে চলেছে। লীলাবতী কলেজে তিনটি বিষয়ে অনার্স চালুর খবরে খুশির হাওয়া বইছে এলাকার উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে। কলেজ সূত্রে জানা গিয়েছে, বুধবার জটেশ্বর লীলাবতী কলেজ পরিদর্শনে আসেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক সুব্রত সান্যাল। তিনি কলেজের পরিকাঠামো সহ সমস্ত কিছু খতিয়েও দেখেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ডঃ নারায়ণচন্দ্র বসুনিয়া বলেন, 'পরিদর্শক কলেজের বিভিন্ন বিষয় খতিয়ে দেখেন এবং পলিটিকাল সায়েন্স, এডুকেশন ও ইংরেজি বিষয়ে অনার্স চালুর আশ্বাস দেন। এই বিষয়গুলির জন্য কলেজে প্রফেসার রয়েছেন। অনুমোদন এলেই ছাত্রছাত্রীদের ভরতি নেওয়া হবে।'

কল্পনাকে সাহায্য

রাঙ্গালিবাজনা, ১৩ জুন ঃ দরিদ্র পরিবারের মেধাবী ছাত্রীর পাশে দাঁড়ালেন বীরপাড়ার ব্যবসায়ী সঞ্জয় জৈন। শিশুবাড়ি হাইস্কুলের কৃতী ছাত্রী কল্পনা বর্মন এবার উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৪৫০ নম্বর পেয়ে পাস করেছে। কিন্তু অর্থাভাবে তার পড়াশোনা অনিশ্চিত হয়ে পড়েছিল । কলেজে ভরতির টাকা জোগাড় করতেই হিমসিম খাচ্ছিলেন তার বাবা শিশুবাড়ির মিলপাড়ার বাসিন্দা কৃষ্ণগোপাল বর্মন। মঙ্গলবার কল্পনার সমস্যার কথা উত্তরবঙ্গ সংবাদ-এ প্রকাশিত হয়। বুধবার বীরপাড়ার বাসিন্দা ব্যবসায়ী সঞ্জয় জৈন কল্পনার বাড়িতে যান। কল্পনার কলেজে ভরতির দাযিত্ব নেন তিনি । সঞ্জয়বাবু বলেন, কল্পনা যতদিন পড়াশোনা করবে আমি পাশে থাকব।

স্মারকলিপি

কামাখ্যাগুড়ি, ১৩ জুন ঃ কলেজে স্নাতক স্তরে অনলাইনে ভরতি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনা, প্রতিটি বিষয়ের নম্বর সহ ছাত্রছাত্রীদের নামের তালিকা প্রকাশ সহ নানা দাবিতে এদিন কামাখ্যাগুড়ি শহিদ ক্ষুদিরাম কলেজের অধ্যক্ষকে স্মারকলিপি দিল আলিপুরদুয়ার নবজাগরণ মঞ্চ। এছাড়া দুস্থ ও মেধাবী ছাত্রদের ভরতি ফি-তে ছাড় দেওয়ার দাবি জানানো হয়। গণজাগরণ মঞ্চের সদস্য সামদান বসুমাতা, দেবব্রত বিশ্বাসরা জানান, দুস্থ ও মেধাবী ছাত্রছাত্রীদের কথা মাথায় রেখে স্মারকলিপি দেওয়া হয়েছে।

ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট এলাকায় সুইমিং পুল তৈরির পরিকল্পনা

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ আলিপুরদুয়ার শহরের বাবুপাড়ায় অবস্থিত ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট এলাকায় সরকারি উদ্যোগে সুইমিং পুল তৈরির পরিকল্পনায় খুশি এলাকার বাসিন্দারা। সম্প্রতি ডিভিশনাল কমিশনার বরুণ রায় ও পুরপ্রধান আশিস দত্ত ওই এলাকা পরিদর্শন করেন। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ওই এলাকায় সুইমিং পুলের জন্য প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে। ওই এলাকা সরেজমিনে খতিয়ে দেখার পর ডিভিশনাল কমিশনারও সম্মতি দিয়েছেন বলে জানা গিয়েছে। খুব শীঘ্রই একটি ডিপিআর তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকেই এই কাজ হবে বলে জানা গিয়েছে। প্রসঙ্গত, ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট বহু বছর ধরেই বেহাল ও ভগ্ন অবস্থায় পড়ে রয়েছে। অতীতে এখানে বহু সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা হয়েছে। ঐতিহ্যবাহী এই ইন্সটিটিউটের সংস্কার চেয়েছিলেন স্থানীয় লোকজন। তাঁরা ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট উন্নয়ন দাবি কমিটি তৈরি করে বৈঠক করেছিলেন। সেখানে কোনো উন্নয়নমূলক প্রকল্প তৈরি করার দাবি জানান স্থানীয়রা। এরপরেই নড়েচড়ে বসে প্রশাসন। পুরপ্রধান আশিস দত্ত বলেন, 'প্রশাসনকে আমরা এখানে সুইমিং পুল তৈরির কথা বলেছিলাম। জেলা প্রশাসনের তরফে ইতিমধ্যেই সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সেই প্রস্তাব পাঠানো হয়েছে। সম্প্রতি ডিভিশনাল কমিশনার ও আমি ওই এলাকা পরিদর্শন করেছি। ওখানে ৫০ ফুট লম্বা একটি সুইমিং পুল তৈরি করা হলে কোনো সমস্যা হবে না। ডিভিশনাল কমিশনার নিজেও সেই প্রস্তাবে সম্মতি দিয়েছেন। শীঘ্রই এই বিষয়ে সরকারি প্রক্রিয়া শুরু হবে।' জেলা প্রশাসনের এক কর্তা জানিয়েছেন, খুব শীঘ্রই ওখানে সার্ভে করে একটি ডিপিআর তৈরি হবে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের উদ্যোগেই এই কাজ হবে। ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট উন্নয়ন দাবি কমিটির আহ্বায়ক তথা আইনজীবী সুব্রত গঙ্গোপাধ্যায় বলেন, 'আলিপুরদুয়ারে কোনো সুইমিং পুল নেই। ফলে সরকারি উদ্যোগে এখানে একটি সুইমিং পুল তৈরি হলে আমরা সেটাকে স্বাগত জানাব। এখানে ২৫ ফুট বা ৫০ ফুট লম্বা সুইমিং পুল তৈরির জন্য যথেষ্ট জায়গা রয়েছে। ওই এলাকা যাতে সাজিয়ে তোলা হয় সেটার দাবি রাখছি। দ্রুত এই কাজ করার আবেদন জানাচ্ছি।' ১৮ নম্বর ওয়ার্ড কাউন্সিলার অমূল্য মণ্ডল জানান, ' পুরসভা কর্তৃপক্ষের তরফে জানতে পেরেছি এখানে সুইমিং পুল তৈরির পরিকল্পনা রয়েছে। এটা হলে এলাকার উন্নয়ন হবে।'

> **প্রশাসনকে আমরা এখানে সুইমিং পুল তৈরির কথা বলেছিলাম। জেলা প্রশাসনের তরফে ইতিমধ্যেই সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সেই প্রস্তাব পাঠানো হয়েছে। ডিভিশনাল কমিশনার নিজেও সেই প্রস্তাবে সম্মতি দিয়েছেন। শীঘ্রই এই বিষয়ে সরকারি প্রক্রিয়া শুরু হবে।**
> **– আশিস দত্ত, পুরপ্রধান**

পাথর তোলার কাজ করেও নজরকাড়া ফল

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ বাবা নদী থেকে পাথর তুলে পরিবারের খরচ চালান। ছেলেও তাঁকে এই কাজে সাহায্য করে। আর্থিক অনটনের মধ্যেও ছেলে বিকাশ রায় উচ্চমাধ্যমিকে ৪৩১ নম্বর পেয়ে তাক লাগিয়ে দিয়েছে সবাইকে। সে আলিপুরদুয়ার শহর সংলগ্ন পাটকাপাড়া হাইস্কুলের ছাত্র। বাড়ি মধ্য পাটকাপাড়া গ্রামে। পরিবারে নুন আনতে পান্তা ফুরোনোর অবস্থা। বিকাশ ইংরেজি নিয়ে পড়াশোনা করে শিক্ষক হতে চায়। কিন্তু আর্থিক সমস্যা তার উচ্চশিক্ষা লাভের ক্ষেত্রে প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। আগামীদিন তার পড়াশোনা কী করে চলবে সেটা নিয়েই চিন্তিত বিকাশের পরিবার। তবে সে হাল ছাড়তে নারাজ। প্রয়োজনে পড়াশোনার পাশাপাশি বাবার সঙ্গে দিনমজুরের কাজ চালিয়ে যাবে। তবে কোনো সংস্থা বা ব্যক্তি সাহায্য করলে ভালো হবে বলে পরিবারের লোকজন জানিয়েছেন। বিকাশ বাংলায় পেয়েছে ৮৩, ইংরেজিতে ৮০, ভূগোলে ৯০, ইতিহাসে ৮৮ ও এডুকেশনে ৯০ নম্বর। বিকাশ জানায়, 'ফল ভালো হওয়ায় সকলে খুশি। প্রতিদিন ৩-৪ ঘণ্টা করে পড়েছি। খুব কষ্ট করে পড়াশোনা করেছি। নিজে নদী থেকে পাথর তুলে অর্থ উপার্জন করে টিউশন ফি দিয়েছি। বাবা- মা আমাকে পড়াশোনায় সব সময় উৎসাহ দিয়েছেন। আমি শিক্ষক হতে চাই। তবে পড়াশোার খরচ নিয়ে কিছুটা চিন্তায় আছি।' বাবা আমাসু রায় জানান, 'পরীক্ষায় ফলের দিন আমি কাজে গিয়েছিলাম। ছেলের ভালো ফল শুনে বাড়ি ফিরে এসেছি। আমাদের আর্থিক পরিস্থিতি খারাপ। কালজানি নদীতে পাথর তুলে কিছু টাকা পাই। সেটা দিয়ে কোনোরকমে সংসার চলে। তাই ওর আগামীদিনে পড়াশোনা নিয়ে চিন্তায় আছি। কেউ সাহায্যের জন্য এগিয়ে এলে ভালো হয়। ' পাটকাপাড়া হাইস্কুলের টিচার ইনচার্জ শিলাদিত্য ভট্টাচার্য জানান, ' বিকাশ প্রথম থেকেই ভালো ছাত্র। ওর আর্থিক অবস্থা ভালো নয়। আমরা ওর ভালো ফলের জন্য গর্বিত। ওকে স্কুলের তরফে সংবর্ধনা দেওয়া হবে। আমরা বিকাশের পাশে আছি।'

কৃতীদের সংবর্ধনা

মাদারিহাট, ১৩ জুন ঃ এবছর মাদারিহাট ব্লকে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও মাদ্রাসা পরীক্ষায় যারা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছে তাদের সংবর্ধনা দিল মাদারিহাট ব্লক প্রশাসন। বিডিও তন্ময় বিশ্বাস জানান, বুধবার এই সংবর্ধনা অনুষ্ঠানটি হয়। মোট ১১ জনের হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন জয়েন্ট বিডিও অভিজিৎ রায়, রাজীব তরফদার, সর্বশিক্ষা মিশনের নোডাল অফিসার অভিজিৎ দত্ত, পঞ্চায়েত সমিতির বিদায়ি স্বাস্থ্য কর্মাধ্যক্ষ চম্পা সরকার প্রমুখ।

সোনাপুরে শান্তি বৈঠক

সোনাপুর, ১৩ জুন ঃ আগামী শনিবার ইদ উপলক্ষ্যে সোনাপুর পূজারি সংঘের মন্দির প্রাঙ্গণে এদিন একটি শান্তি বৈঠক করা হয় পুলিশ প্রশাসনের তরফে। আসন্ন ইদকে কেন্দ্র করে সব ধর্মের শান্তিপূর্ণ সহাবস্থানের কথা তুলে ধরেন প্রশাসনিক আধিকারিকরা। মিটিংয়ে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের এসডিপিও বেন্দুক শেরপা, আইসি জয়দেব ঘোষ, সোনাপুর পুলিশ ফাঁড়ির ওসি শচীন্দ্রনাথ বসুনিয়া প্রমুখ।

শীঘ্রই চালু হবে চাইল্ড কেয়ার সেন্টার

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ আলিপুরদুয়ারের প্রশাসনিক ভবন ডুয়ার্সকন্যায় নতুন একটি চাইল্ড কেয়ার সেন্টারের কাজ শুরু হয়েছে। শীঘ্রই এই সেন্টারটি চালু হতে চলেছে। বুধবার এ খবর জানান আলিপুরদুয়ারের বিদায়ি জেলাশাসক দেবীপ্রসাদ করনম। তিনি জানান, ডুয়ার্সকন্যায় আসা মায়েরা তাঁদের শিশুদের নিয়ে ওই সেন্টারে বিশ্রাম নিতে পারবেন। সেখানে শিশুদের জন্য খেলনা ও কেয়ারটেকারও থাকবে। ওই সেন্টারে শিশুদের রেখে প্রশাসনিক ভবনে কাজ করতে পারবেন মহিলারা।

মন্দিরের উদ্‌বোধন

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ আলিপুরদুয়ার জংশন কালীবাড়ি কলোনি এলাকায় বুধবার নবনির্মিত স্থায়ী পাকা কালীমন্দিরের আনুষ্ঠানিক উদ্‌বোধন হল। উদ্‌বোধন করেন দক্ষিণেশ্বর আদ্যাপীঠের স্বামীজি উৎসবভাই মহারাজ। পুরোহিত হিসেবে ছিলেন সনাতন পাঠক। মন্দির কমিটির কর্মকর্তা দিলীপ রায় জানান, ১৯৪৮ সালে এখানে কালীপুজো চালু হয়েছিল, তখন টিনের মন্দির ছিল। এলাকার লোকজনের থেকে চাঁদা তুলে স্থায়ী মন্দির তৈরি করা হয়েছে। দুইদিন ধরে অনুষ্ঠান চলবে। বৃহস্পতিবার পদাবলি কীর্তনের আয়োজন করা হয়েছে। ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণ করা হবে।

হাতি তাড়াতে কর্মী নিয়োগ

মাদারিহাট, ১৩ জুন ঃ লাগাতার হাতির হানায় অতিষ্ঠ মাদারিহাটবাসী। শুধু বনকর্মীদের দিয়ে পর্যাপ্ত নজরদারি সম্ভব হচ্ছিল না। সেজন্য উত্তর মাদারিহাট যৌথ বন পরিচালন সমিতির ৬ জন সদস্যকে হাতি তাড়াতে কাজে নেওয়া হল। সহকারী বন্যপ্রাণ সংরক্ষক বিমল দেবনাথ জানান, সাম্মানিকের ভিত্তিতে অস্থায়ীভাবে ৩ মাসের জন্য ওই ৬ জনকে নেওয়া হল। এঁদের সঙ্গে বনকর্মীরা যৌথভাবে নজরদারি চালাবেন।

নাবালিকা উদ্ধার

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ বন্ধুদের বাড়িতে ঘুরতে আসা দুই নাবালিকাকে পরিবারের হাতে তুলে দিল আলিপুরদুয়ার থানার পুলিশ। মঙ্গলবার রাতে আলিপুরদুয়ার শহর সংলগ্ন বনচুকামারি এলাকার ঘটনা। পুলিশ জানিয়েছে, দুই নাবালিকা বাড়িতে না জানিয়ে বন্ধুদের বাড়িতে ঘুরতে এসেছিল। খবর পেয়ে দুই নাবালিকাকে তাদের বন্ধুদের বাড়ি থেকে নিয়ে পরিবারের হাতে তুলে দেওয়া হয়। আলিপুরদুয়ার থানার আইসি জয়দেব ঘোষ জানান, এই ঘটনায় কোনো লিখিত অভিযোগ দায়ের হয়নি। দুই নাবালিকাকে পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

এবারের উচ্চমাধ্যমিক উত্তীর্ণ উত্তরবঙ্গের সকল ছাত্র-ছাত্রীদের আন্তরিক শুভেচ্ছা জানাই...

Cooch Behar Panchan Barma University
নিয়ে এসেছে বিশ্বমানের কর্মসংস্থানমূখী পাঠক্রম
3 Years UG PROGRAMMS
BBM in Tourism,Aviation and Hospitality
Special Spoken English Classes
শিল্প বিষয়ে স্নাতকস্তরে পড়ার সুযোগ!!!
ADMISSION SESSION 2018-19
CAREER OPPORTUNITIES FOR ALL STREAMS : AIR HOSTESS, GROUND STAFF, HOME STAY ORGANISER GUEST RELATIONSHIP MANAGER, FOREIGN EXCHANGE, ITINERARY PLANNER etc.
COOCH BEHAR COLLEGE
website : www.coochbeharcollege.org.in
Helpline No. 97490-62345
HELPLINE TOLL FREE NO. 1800 345 0000
In Association with AVLON SHIKSHA NIKETAN TOURISM AVIATION HOSPITALITY
OTHER SHORT TERM COURSES
ELIGIBILITY : CLASS XII pass
Certificate Courses of AVLON SHIKSHA NIKETAN
SPAM 12 months
SPTH 12 months
SPHATS 18 months

ফুটবল বিশ্বকাপ নিয়ে বিভক্ত আলিপুরদুয়ার

ভাস্কর শর্মা

আলিপুরদুয়ার, ১৩ জুন ঃ প্যারেড গ্রাউন্ডে জার্মানি, তো টাউন ক্লাবের মাঠে আর্জেন্টিনা কিংবা বিএমসি ক্লাবের মাঠে একত্রিত ব্রাজিলের সমর্থকরা। জায়গা বিশেষে ফুটবল-জ্বরে এভাবেই ভাগ হয়ে গিয়েছে শহর আলিপুরদুয়ার। আবার পোর্তুগাল, রাশিয়া, ফ্রান্স কিংবা নাইজিরিয়ার সমর্থকরাও কম যায় না। তবে আর্জেন্টিনা ও ব্রাজিলের সমর্থকরাই যেন গোটা শহরকে ভাগ করে দিয়েছে। যারা যে দেশের ফুটবল টিমের সমর্থক তারা সেই দেশের পতাকায় মুড়ে দিচ্ছে শহর। আবার একদল পড়ুয়া জার্মানির পতাকা নিয়ে গোটা প্যারেড গ্রাউন্ড চক্কর দিচ্ছে। ফেসবুকেও চলছে প্রিয় দলের হয়ে পোস্টের ছড়াছড়ি। রাশিয়ায় বিশ্বকাপ ফুটবল শুরু হবার কয়েক ঘণ্টা আগে এভাবেই যেন ভাগ হয়ে গিয়েছে আলিপুরদুয়ার শহর। বুধবার শহরের বাবুপাড়ায় গিয়ে দেখা গেল সৌরদীপ গাঙ্গুলি, ভিক্টর চন্দ, অভিষেক গাঙ্গুলির মতো যুবকরা গোটা পাড়া আর্জেন্টিনার পতাকায় মুড়ে ফেলছে। কয়েকশো মিটার লম্বা একটি নীল-সাদা পতাকা রেলগেট এলাকায় তারা ঝুলিয়ে দিয়েছে। সৌরদীপ গাঙ্গুলি জানায়, সে মেসির অন্ধভক্ত। আবার দীপ সরকার, প্রবীর সাহার মতো যুবকরা জানায়, বাঙালি মানেই ফুটবল। এই ফুটবলের মরশুমে আর্জেন্টিনা ছাড়া কিছু ভাবাই যায় না। রাত জেগে খেলা দেখা, প্রিয় ফুটবলার গোল করলে চিৎকার করে ওঠা -এসবই আর কয়েক ঘণ্টা পর থেকেই শুরু হবে। জার্মানির সমর্থক রত্নদীপ চৌধুরি। তার নেতৃত্বেই এদিন জার্মানির এক বিশাল পতাকা নিয়ে গোটা প্যারেড গ্রাউন্ড চক্কর কাটে একদল যুবক। রত্নদীপ জানায়, ফুটবল একটি আবেগ। এদিকে যুবকদের পাশাপাশি বয়স্করাও কম যান না। ফুটবল-জ্বর এখন তাঁদের গায়েও। পাড়ার চায়ের দোকান হোক কিংবা কলেজ হল্ট, কোর্ট মোড় সব জায়গার চায়ের আড্ডাতেই এখন একটাই আলোচনা- ফুটবল ফুটবল। সুব্রত গাঙ্গুলি, ল্যারি বোস, অসীম দত্তের মতো ফুটবলপ্রেমীরা এখন প্রহর গুনছেন কোন দল কত গোল দেয় তা দেখার। নানা জায়গায় পতাকা টাঙিয়ে বিভিন্ন ফুটবল দলের সমর্থকরা যেমন আলিপুরদুয়ারকে ভাগ করে দিয়েছে, তেমনি সোশ্যাল সাইটগুলিতে চলছে আলোচনা। কেউ একজন প্রিয় দলের পতাকা পোস্ট করে যখন কিছু লিখছে তখন তারই বন্ধু অন্য দলের সমর্থক তাতে টিপ্পনি কাটছে। তবে আর কয়েক ঘণ্টা বাদে ফুটবল বিশ্বকাপের উদ্‌বোধন হতে চললেও তেমনভাবে কিন্তু সেজে ওঠেনি শহর আলিপুরদুয়ার। খেলা শুরু হয়ে গেলে অবশ্য শহর সেজে উঠবে নানা দেশের পতাকায় বলে দাবি শহরের ফুটবলারদের।

আর্জেন্টিনার সমর্থকরা।

জার্মানির সমর্থকরা।

ছবি ঃ আয়ুষ্মান চক্রবর্তী